

# কালের কণ্ঠ

ঢাকা। সোমবার। ২০ জানুয়ারি ২০২৫। ৬ মাঘ ১৪৩১।

## এনএসইউতে ‘মাস্টার্স অব আইডিয়েশন’

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের অন্যতম বৃহৎ ও প্রতীক্ষিত কৌশলভিত্তিক ব্যবসায়িক প্রতিযোগিতা ‘মাস্টার্স অব আইডিয়েশন’ চার বছরের বিরতির পর আরো বিস্তৃত ও সুদূরপ্রসারী পরিসরে ফিরে এসেছে। গত ৬ জানুয়ারি নর্থ সাউথ ইউনিভার্সিটি ইয়াং এন্টারপ্রেনার্স সোসাইটিতে (এনএসইউ ইয়েস!) পুনরাগমন করছে ‘মাস্টার্স অব আইডিয়েশন’। আগ্রহী ও প্রতিভাবান তরুণ প্রজন্মকে বাণিজ্যিক দুনিয়ায় প্রবেশ করার আগেই প্রস্তুত করার লক্ষ্য নিয়েই সেবা হোল্ডিং লিমিটেডের উপস্থাপনায়, এস্টে মেডিক্যাল বাংলাদেশের পরিচালনায় এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের (এমটিবি) সৌজন্যে পুনরাগমন করছে মাস্টার্স অব আইডিয়েশন। এনএসইউ ইয়েস! ৩০ বছরের গৌরবময় একটি শিক্ষার্থী-নেতৃত্বাধীন সংগঠন, যা তরুণ উদ্যোক্তাদের সফল হতে প্রয়োজনীয় প্রতিটি দিক নির্দেশনায় সহায়তা করতে বদ্ধপরিকর। এই বহু প্রতীক্ষিত কৌশলভিত্তিক ব্যবসায়িক প্রতিযোগিতার বাংলা প্রিন্ট মিডিয়া পার্টনারদের মধ্যে আছে ‘কালের কণ্ঠ’, সোশ্যাল মিডিয়া পার্টনার ‘নাটশেল টুডে’, মোবিলিটি পার্টনার ‘জিপ’।

